

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ৩১৩৭

২০/ কোরবানী (كتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ২০/৬. কতোটি বকরী একটি উটের সমান হতে পারে?

بَابُ كَمْ تُجْزَى مِنْ الْغَنَمِ عَنِ الْبَدَنَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا الْمُحَارِبِيُّ، وَعَبْدُ الرَّحِيمِ، عَنِ سُفْيَانَ الثَّوْرِيِّ، عَنِ سَعِيدِ بْنِ مَسْرُوقٍ، وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ عَلِيٍّ، عَنِ زَائِدَةَ، عَنِ سَعِيدِ بْنِ مَسْرُوقٍ، عَنِ عَبَايَةَ بْنِ رِفَاعَةَ، عَنِ رَافِعِ بْنِ خَدِيجٍ، قَالَ كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَنَحْنُ بِبَدِي الْحَلِيفَةِ مِنْ تِهَامَةَ فَأَصْبْنَا إِبِلًا وَغَنَمًا فَعَجَلَ الْقَوْمُ فَأَغْلَيْنَا الْقُدُورَ قَبْلَ أَنْ تُقَسَمَ فَأَتَانَا رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَأَمَرَ بِهَا فَأُكْفِبَتْ ثُمَّ عَدَلَ الْجَزُورَ بِعَشْرَةٍ مِنَ الْغَنَمِ .

বাংলা

২/৩১৩৭। রাফে ইবনে খাদীজ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে তিহামার যুল-হুলাইফায় ছিলাম। আমরা (যুদ্ধে) উট ও মেঘ-বকরী লাভ করি। লোকেরা (তা বণ্টনে) তাড়াহুড়া করছিল এবং তা বণ্টনের পূর্বেই আমরা চুলায় (মাংসের) হাঁড়ি তুলে দিয়েছিলাম। ইত্যবসরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট এলেন এবং মাংসের হাঁড়িগুলো সম্পর্কে নির্দেশ দিলে তদনুযায়ী তা উল্টে ফেলে দেয়া হয় (কারণ বণ্টনের পূর্বে গনীমতের সম্পদ ব্যবহার অবৈধ)। অতঃপর একটি উট দশটি মেঘের সমান ধরা হলো।

English

It was narrated that Rafi' bin Khadij said:

“We were with the Messenger of Allah (ﷺ) in Dhul-Hulaifah in (the land of) Tihamah. We acquired sheep and camels and the people hastened to put cooking pots on the fires before they had been distributed. The Messenger of Allah (ﷺ) came to us and ordered that they be overturned,* then he made

one camel equivalent to ten sheep.”

ফুটনোট

সহীহুল বুখারী ২৪৮৮, ২৫০৭, ৩০৭৫, ৪৪৯৮, ৫৫৪৩, মুসলিম ১৯৬৮, নাসায়ী ৪২৯৭, আবু দাউদ ২৮২১, আহমাদ ১৫৩৮৬, ১৬৮১০, সহীহ আবু দাউদ ২৫১২।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44101>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন